

মন্ত্রিপরিষদ বিভাগের অক্টোবর ২০১৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: অক্টোবর ২০১৫

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৬ নভেম্বর ২০১৫

(১) প্রশাসনিক :

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	২৪৫	১৯০	৫৫
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৬৪	৯৪৭	৩১৭
মোট	১,৫০৯	১,১৩৭	৩৭২

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৯	১২	১৮	১৬	৫৫
দুর্নীতি দমন কমিশন	-	-	৬৩	২৩	১০১	০৩	১৯০*

* সুপারনিউমেরারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	মহাপরিচালক	০১	০১

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য) : প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ- বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
National Integrity Strategy Support Project	৫২২.৮৪	৪১৯.৪২	-	-	প্রকল্পের কাজ চলমান রয়েছে।
Improving Public Administration and Services Delivery through E-Solution – Improving GRS (Output-3)	৩.০০	-	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে) : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	০১	০০	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য সম্প্রতি সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষা দল কর্তৃক ৪টি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে ১টি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট ৩টি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা টাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	০০	০০	১৭টি	ত্রিপর্যায় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	৩২টি	৯৮৩.৫১৪	০৫	০০	৩২টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কে ইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন-১২	-	-	-	০১	১১	০৫

* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন কোষে স্থানান্তর করা হয়।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১	পিপিআরপিআর-২ প্রকল্পের আওতায় পর্তুগাল- এর ই-জিপি সিস্টেম বিষয়ে অধিকতর জ্ঞান অর্জনের জন্য দ্বিতীয় সরকারি প্রতিনিধি দলে অংশগ্রহণ। স্থান: পর্তুগাল	২৯ সেপ্টেম্বর-০৪ অক্টোবর ২০১৫	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	এক জন অতিরিক্ত সচিব
	২	'Policy, Planning & Management Course' স্থান: ভিয়েতনাম	১২-১৭ অক্টোবর ২০১৫	জনপ্রশাসন মন্ত্রণালয়	এক জন অতিরিক্ত সচিব
	৩	Urban Development Planning & Management স্থান: যুক্তরাজ্য	৩-৮ অক্টোবর ২০১৫	স্থানীয় সরকার বিভাগ	এক জন অতিরিক্ত সচিব
	৪	'Leveraging ICT for Growth, Employment and Governance' শীর্ষক প্রকল্পের আওতায় সিঙ্গাপুরস্থ National University of Singapore (NUS)-এ Enterprise Architecture. স্থান: সিঙ্গাপুর	০৬-২০ অক্টোবর ২০১৫	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	দুই জন ১। উপসচিব ২। মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার
	৫	'Economic Policy Research Institute (EPRI)'-এ অনুষ্ঠেয় প্রশিক্ষণে অংশগ্রহণ স্থান: থাইল্যান্ড	০৫-১৬ অক্টোবর ২০১৫	মন্ত্রিপরিষদ বিভাগ	দুই জন ১। উপসচিব ২। সিনিয়র সহকারী সচিব
	৬	'Ninth Advanced HRD Programme on National and Municipal Finance, Expenditure Management & Performance Outcomes, with Particular Reference to Proposed Un-sustainable Development Goals' স্থান: ভারত	০৬ সেপ্টেম্বর-০৩ অক্টোবর ২০১৫	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	দুই জন ১। উপসচিব ২। সিনিয়র সহকারী সচিব

দুর্নীতি দমন কমিশন	৭	জুনিয়র সিকিউরিটি কোর্স	০৪ - ১৫ অক্টোবর ২০১৫	জাতীয় নিরাপত্তা গোয়েন্দা প্রশিক্ষণ ইনস্টিটিউট	এক জন
-----------------------	---	-------------------------	-------------------------	--	-------

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা প্রযোজ্য নয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যায় জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মাবলি:

(১) মন্ত্রিসভার চারটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি, জেলা সদরে কোর ভননাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৭৭তম সভা এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ছয়টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকসমূহে ৪৩টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ১৯টি বাস্তবায়িত হয় এবং ২৪টি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর ২০১৫) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করা হয়।

(৪) ১৮ অক্টোবর ২০১৫ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত সেপ্টেম্বর দ্বিতীয় পক্ষ ও অক্টোবর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(৬) পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিব বগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ৫ টি পত্র জারি করা হয়।

(৮) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৫-১৬ অর্থ-বছরের প্রথম কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুতপূর্বক iBAS-এ এন্ট্রি করা হয়।

(৯) ২০১৫-১৬ অর্থ-বছরে মন্ত্রিপরিষদ বিভাগের আওতাধীন ‘ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব ফিল্ড এডমিনিস্ট্রেশন’ শীর্ষক কর্মসূচির প্রথম প্রান্তিকের অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন সংগ্রহপূর্বক অর্থ বিভাগে প্রেরণ করা হয়।

(১০) দেশের টেকসই উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন (আইটিইউ) ২৬ সেপ্টেম্বর ২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘টেকসই উন্নয়নে আইসিটি পদক’ (ICTs in Sustainable Development Award)-এ ভূষিত করে। গুরুত্বপূর্ণ ও মর্যাদাসম্পন্ন এই সম্মাননা লাভ আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করেছে। এ প্রেক্ষাপটে আইটিইউ’র ‘টেকসই উন্নয়নে আইসিটি পদক’ অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৫ অক্টোবর ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়। সকলের অবগতির জন্য প্রস্তাবটি ০৮ অক্টোবর ২০১৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(১১) মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা বাংলাদেশ সরকারের মনোনয়নে নভেম্বর মাসের শুরুতে বিশ্বব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব গ্রহণ করবেন | মন্ত্রিপরিষদ সচিব হিসাবে মন্ত্রিসভা-বৈঠকে তাঁর শেষ উপস্থিতির দিনে মন্ত্রিসভা দীর্ঘ চাকরি-জীবনে তাঁর মূল্যবান অবদানের কথা স্মরণ করে | জনাব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা প্রায় ৩৫ বছর যাবৎ সততা, দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে নিজেকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত রেখেছেন | সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল দেশের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় জনাব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে এবং সেই সঙ্গে বিশ্বব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করে মন্ত্রিসভার ২৬ অক্টোবর ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়। সকলের অবগতির জন্য প্রস্তাবটি ২৮ অক্টোবর ২০১৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(১২) ১৯ অক্টোবর ২০১৫ তারিখে Civil Registration and Vital Statistics (CRVS) কার্যক্রমের সার্বিক সমন্বয় এবং এতৎসংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদানের লক্ষ্যে ‘সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) সংক্রান্ত স্ট্রিয়ারিং কমিটি’ পুনর্গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(১৩) ১৯ অক্টোবর ২০১৫ তারিখে রাজধানী উন্নয়ন (রাজউক) কর্তৃক প্রণীত ডিটেইন্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের দায়িত্বপালনকারী মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(১৪) রংপুর জেলায় স্পর্শকাতর/চাঞ্চল্যকর/গুরুতর ঘটনার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৭ অক্টোবর ২০১৫ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) কারাগারে আটক শিশু-কিশোরদের আগস্ট ২০১৫ মাসের পরিসংখ্যান অনুযায়ী আটক শিশু-কিশোরদের মুক্তির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর, ফেনী এবং কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) সেপ্টেম্বর ২০১৫ মাসের মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর আওতায় আপিল মামলার নিষ্পত্তির প্রমাণ অর্জিত না হওয়ার কারণ দর্শানোর জন্য জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী, ভোলা, ঝালকাঠি ও বরিশাল বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) কক্সবাজারের রামু-তে ‘ধর্মরত্ন অজান্তে বৌদ্ধ বিহার’-এ চুরির ঘটনার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) রাজশাহী জেলার রাজশাহী সরকারি কলেজ ক্যাম্পাসে বাংলাদেশ ছাত্রলীগ এবং পাহাড়ি ছাত্র পরিষদ (পিসিপি)-এর মধ্যে সংঘর্ষের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) সাতক্ষীরা সদর উপজেলার আগরদাড়ী ইউনিয়নের বাবুলিয়ায় হাইস্কুল পূজামন্ডপের (গদাঘাটা সার্বজনীন পূজামন্ডপ) ক্ষতিসাধন করার বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) জামালপুর জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর/গুরুতর ঘটনা সংশ্লিষ্ট প্রতিবেদনের ওপর যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) পুরান ঢাকার হোসনি দালান থেকে পবিত্র আশুরা উপলক্ষে তাজিয়া মিছিল প্রস্তুতির সময় বোমা হামলায় ক্ষয়ক্ষতির বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) দুর্নীতি দমন কমিশন থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন অভিযোগ নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে ২৫ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৩) বিভিন্ন আইনে ১২ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২৪) অক্টোবর ২০১৫ মাসে আইন কোষ হতে মোট ১৭টি পত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(২৫) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৩ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ৬ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিভুক্ত করার জন্য এবং ২ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবগত করা হয়।

- (২৬) সিএনজি/পেট্রোল চালিত ৪-স্ট্রোক থ্রি হইলার এবং বাস ও মিনিবাসের ভাড়ার হার পুনর্নির্ধারণের প্রজ্ঞাপন সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।
- (২৭) প্রবাসে মৃত-কর্মীর পরিবারের নাবালক সন্তানের অনুকূলে আর্থিক অনুদান বিতরণের ক্ষেত্রে 'নাবালকের প্রাপ্য অংশ উত্তোলনের ক্ষমতাপত্র' স্বাক্ষর/প্রতিস্বাক্ষরকরণের নির্দেশনা সকল জেলা প্রশাসককে অবহিত করা হয়।
- (২৮) মাদকবিরোধী কার্যক্রমে Breathing Analyzer-এর ব্যবহারের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর একটি পত্র প্রেরণ করা হয়।
- (২৯) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সফর উপলক্ষে বিভাগীয় কমিশনার, রাজশাহী ও রংপুর এবং জেলা প্রশাসক, বগুড়া ও কুড়িগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩০) টাঙ্গাইল জেলার কালিহাতী উপজেলায় সংঘটিত নৃশংস ঘটনার জন্য অভিযুক্তের শাস্তি প্রদানের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।
- (৩১) 'পার্বত্য চট্টগ্রাম শাসনবিধি, ১৯৯০' কার্যকর করার লক্ষ্যে প্রজ্ঞাপন জারির বিষয়ে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।
- (৩২) 'বাংলাদেশ পানি আইন, ২০১৩'-এর বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিকল্পে প্রচারাভিযান এবং বাংলাদেশ পানি বিধি-২০১৫-এর খসড়া ওপর মতামত গ্রহণের নিমিত্ত কর্মশালা আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৩) মহান বিজয় দিবস, ২০১৫ উদ্‌যাপনের বিষয়ে সকল জেলা প্রশাসক এবং বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৪) 'প্রতিটি জেলা ও উপজেলায় একটি মডেল মসজিদ কমপ্লেক্স নির্মাণ' শীর্ষক প্রকল্পের জন্য জমি দান/সংগ্রহ/অধিগ্রহণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৫) সরকারি কর্মকর্তাগণ কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারে দায়িত্বশীলতার পরিচয় প্রদানের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৬) জেএসসি ও জেডিসি পরীক্ষা ২০১৫ সূষ্ঠু ও ইতিবাচক পরিবেশে সম্পাদনের লক্ষ্যে প্রশ্নপত্র মুদ্রণ, বিতরণ, গোপনীয়তা ও নিরাপত্তার বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৭) বাল্যবিবাহ প্রতিরোধে গভর্ন্যান্স ইনোভেশন ইউনিট কর্তৃক আয়োজিত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৮) 'Social Security support (SSPS) Programme' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় ছয়টি মন্ত্রণালয়/বিভাগের সাতজন কর্মকর্তাকে থাইল্যান্ডের চিয়াংমাইয়ে ১৪ দিনব্যাপী প্রশিক্ষণে প্রেরণ করা হয়।
- (৩৯) মন্ত্রিপরিষদ বিভাগের বিদ্যমান কর্মবন্টন হালনাগাদকরণ সংক্রান্ত প্রতিবেদন ও ই-গভর্ন্যান্স অধিশাখার আওতাধীন ই-গভর্ন্যান্সের অপর একটি নতুন শাখা সৃজন এবং আইসি টি শাখাকে ইআইসিটি সেলে রূপান্তর করার জন্য এ বিভাগের সংস্থাপন অধিশাখায় ইউ.ও.নোট প্রেরণ করা হয়েছে।
- (৪০) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়নের একটি সুনির্দিষ্ট পদ্ধতি অনুসরণের সুবিধার্থে প্রণীত 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫' সকল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।
- (৪১) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে মন্ত্রণালয় /বিভাগ চিহ্নিত প্রতিষ্ঠানে নিয়োজিত ফোকাল পয়েন্টগণের অংশগ্রহণে 'Development of Monitoring Framework for NIS Implementation' শীর্ষক প্রশিক্ষণ প্রদান।
- (৪২) জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ কাঠামো প্রণয়নপূর্বক সকল মন্ত্রণালয়/বিভাগ/চিহ্নিত প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়।
- (৪৩) 'Social Security Policy Support (SSPS) Programme'-এর TAPP পুনর্গঠন চূড়ান্তকরণ সংক্রান্ত সভা সচিব (সমন্বয় ও সংস্কার)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয় এবং প্রকল্পটি অনুমোদনের জন্য আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।

গ. আগামী দুই (নভেম্বর-ডিসেম্বর) মাসে সম্পাদিতব্য অতীত গুরুত্বপূর্ণ কাজের তালিকা

- (১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।
- (২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয়সভা অনুষ্ঠান।
- (৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।
- (৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (৫) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (৬) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।
- (৭) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আর্কাইভস-এ হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।
- (৮) 'Social Security Policy Support (SSPS) Programme' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের বাস্তবায়ন।
- (৯) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্ক ফোর্স কমিটির সভা অনুষ্ঠান।
- (১০) স্বাধীনতা পুরস্কার, ২০১৬-এর কার্যাবলি সম্পাদন।
- (১১) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (১২) দশম জাতীয় সংসদের ২০১৬ সালে প্রথম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতির ভাষণ প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম।

(মো: আবদুল্লাহ হারুন)

উপসচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report_sec@cabinet.gov.bd